

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৭৭

পানিসাগর, ০৯ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস

**পানিসাগর মহকুমায় প্রস্তুতি সভা**

পানিসাগর মহকুমায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আজ পানিসাগর মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাধিপতিত্ব করেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা, দামছড়া ইউনিয়ন পরিচালক অনুপম চাকমা, ডিসি দিবাকর জমাতিয়া, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন সাংস্কৃতিক ও সামাজিক সংস্থার প্রতিনিধিগণ।

সভায় আনোচনাক্রমে সিদ্ধান্ত হয় আগামী ১৩ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত বিভিন্ন কর্মসূচির মাধ্যমে স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। আগামী ১৫ আগস্ট স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানটি পানিসাগর পথগায়ে সমিতি কার্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন সহ কুচকাওয়াজ প্রদর্শন ও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে। এছাড়া এই উপলক্ষ্যে সরকারি প্রতিষ্ঠান ও জনবহুল স্থানে সাফাই অভিযান, ত্রিসঙ্গ র্যালি, বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ ও বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে। আগামী ১৪ ও ১৫ আগস্ট টাউনহলে সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সভায় মহকুমা শাসক সুশান্ত দেববর্মা স্বাধীনতা দিবসের কর্মসূচি সুষ্ঠভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন।

\*\*\*\*\*